Total No. of Printed Pages—6

**X/13/B**

**2 0 1 3**

## BENGALI

( INDIAN LANGUAGE )

*Full Marks* : 100

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

### বিভাগ—ক

১। অনধিক *পনেরোটি* বাক্যে যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও :

(ক) ''নিশ্চিন্দিপুর ছাড়িয়া অবধি এত আনন্দ আর হয় নাই।'' বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত 'অপরাজিত অপু' কাহিনীতে অপুর জীবনে ফিরে আসা আনন্দের কারণ ও একটি স্মরণীয় ঘটনা সংক্ষেপে বর্ণনা কর। ৪+৬=১০

(খ) 'দুর্দিন' গল্পাংশটি অবলম্বনে কারণ ও ফলাফলসহ বাঙলার পদচিহ্ন গ্রামের ১১৭৬ সনের মন্বন্তরের দৃশ্যটি আলোচনা কর। ৫+৫=১০

২। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর লেখ (অনধিক *ছয়টি* বাক্যে) :

(ক) কল্যাণী কুটীর মধ্যে কি ভয়াবহ দৃশ্য দেখেছিলেন তা সংক্ষেপে লেখ। ৪

(খ) ''অপু কৌতূহলী হইয়া চাহিয়া রহিল।'' অপু কৌতূহলী হয়ে কার দিকে তাকিয়ে ছিল ? অপুর কৌতূহলী হওয়ার কারণগুলি উল্লেখ কর। ১+৩=৪

৩। *একটি* শব্দ বা বাক্য দ্বারা উত্তর লেখ : ১×৩=৩

(ক) অনিরুদ্ধ কতগুলি ঘরের হাল উঠে যাবার কথা বলেছিল?

(খ) সাঁওতাল লোকটির তীরগুলি দেখতে কেমন ছিল?

(গ) নিকটস্থ পল্বল থেকে মহেন্দ্র কি দিয়ে জল এনে কল্যাণীর কপালে দিয়েছিল?

৪। শূন্যস্থান পূর্ণ কর : ১×৩=৩

(ক) গোশালে গিয়া কল্যাণী —— করিলেন।

(খ) কাপালিকদের বাড়ীর পিছনে ——।

(গ) অন্য জিনিসপত্র —— ।

## বিভাগ—খ

৫। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর লেখ :

(ক) ''উন্মত্ত জন্তুর মুখে জীবনের সোনার হরিণ।'' উন্মত্ত জন্তু কারা? জীবনের সোনার হরিণ বলতে কি বোঝায়? কবিতাংশটির তাৎপর্য বিশ্লেষণ কর। ২+২+৬=১০

(খ) **'বটবৃক্ষ'** কবিতাটির বিষয়বস্তু আলোচনা কর। ১০

৬। *একটি* বাক্যে **অথবা** *একটি* শব্দে উত্তর লেখ : ১×৫=৫

(ক) নিজের দুর্ভাগ্যের জন্য ফুল্লরা কাকে দোষী সাব্যস্ত করে?

(খ) কোন্ মাসে জগতের মানুষ অম্বিকা পুজো করেন?

(গ) তৈল তূলা —— তাম্বুল তপনে। ( শূন্যস্থান পূর্ণ কর )

(ঘ) শ্রী কবিকঙ্কণ গীত গান —— । ( শূন্যস্থান পূর্ণ কর )

(ঙ) আমি ——, সবচেয়ে বড়। ( শূন্যস্থান পূর্ণ কর )

## বিভাগ—গ

৭। অনধিক *কুড়িটি* বাক্যে যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও :

(ক) মেঘালয়ের একটি উপজাতির নাম গারো এবং পাহাড়ের নাম গারো পাহাড় কিভাবে হয়? গারো পাহাড়ের শান্তি প্রতিষ্ঠা ও উন্নতির জন্য ব্রিটিশদের সঙ্গে যে আপোস হয়েছিল তা সংক্ষেপে বিবৃত কর। ২+২+৮=১২

(খ) সুপ্রিয় কেন চাকরী ছেড়ে রংগ্রাম থেকে চিরদিনের মত চলে যেতে মনস্থ করেছিল? তার ফলে সেখানকার অধিবাসীরা কিভাবে এই সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়েছিল? থ্রডিং-এর কেন ফাঁসি হয়েছিল? সংক্ষেপে লেখ। ২+৪+৬=১২

৮। *একটি* বাক্যে **অথবা** *একটি* শব্দে উত্তর লেখ : ১×৩=৩

(ক) 'স্যাবাথ ডে' মানে কি?

(খ) গানোল কি?

(গ) সুপ্রিয়র মার মতে চাকরী কি জীবনে সবার উপরে স্থান পায়?

## বিভাগ—ঘ

৯। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখ :

(ক) উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে-কোন **দুটি**) : ২×২=৪

অঘোষ বর্ণ; স্বরসঙ্গতি; মিশ্রবাক্য; মৌলিক শব্দ; তদ্ভব শব্দ।

(খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যে-কোন **তিনটি**) : ২×৩=৬

ভিক্ষান্ন; এককড়ি; বেসুরো; অনন্ত; আশীবিষ; কেশাকেশি।

(গ) সঠিক অর্থ নির্দেশ করে নিম্নলিখিত বাগ্‌ধারাগুলি দিয়ে বাক্য রচনা কর (যে-কোন **তিনটি**) : ২×৩=৬

গোড়ায় গলদ; অগাধ জলের মাছ; ওঁৎ পাতা; চোখের চামড়া; সুখের পায়রা; হাতির খোরাক।

(ঘ) নিম্নলিখিত শব্দযুগলের অর্থ-পার্থক্য নির্দেশ কর (যে-কোন **চারটি**) : ১×৪=৪

**শ্মশ্রু—শ্বশ্র** ; ষট্—শঠ্ ; বিনা—বীণা ; নিরাশ—নিরাস ; ধরা—ধড়া ; উদ্দেশ—উদ্দেশ্য।

(ঙ) বাক্য সংকোচন কর (যে-কোন **পাঁচটি**) : ১×৫=৫

বরণ করিবার যোগ্য ; যে ডুব দিতে জানে ; যাহা দেখা যাইতেছে ; যাহার দুই প্রকার অর্থ ; যিনি বীরসন্তান প্রসব করেন ; খেয়া পার করে যে।

## বিভাগ—ঙ

১০। নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও ( অনধিক *তিনটি* বাক্যে) :

মানুষের দৈনন্দিন স্বাচ্ছন্দ্যের উপকরণগুলির যোগান দিতে তৈরি হয়েছে যে যন্ত্র সেই যন্ত্রের অতি আধুনিকীকরণ ও সূক্ষ্মীকরণের দিকেও মানুষ নজর দিয়েছে বেশি। পৃথিবীর উন্নত দেশগুলো আজ একান্তভাবেই যন্ত্র-নির্ভর। ঘর ঝাঁট দেওয়া, ঘাস কাটা, বাসন ধোওয়া, কাপড় কাচা—সব কিছুই আজ যন্ত্রের সাহায্য ব্যতিরেকে হয় না। পৃথিবীর উন্নত দেশগুলোয় আজ জনসংখ্যার চাপ ক্রমশঃই কমে আসছে। জনসংখ্যার এই অভাব অনেকাংশে পূরণ করে দিচ্ছে যন্ত্র। বড় বড় কলকারখানাগুলোতে, শিল্পে-বাণিজ্যে, কৃষিকার্যে—সর্বত্রই যন্ত্রের জয়জয়কার সূচিত হয়েছে।

যন্ত্রকে বর্জন করো একথা কেউ বলেন না, কিন্তু যন্ত্র শেষ পর্যন্ত মানুষের প্রভু হয়ে উঠে মানুষকে প্রকৃতির সঙ্গ থেকে, অন্য মানুষের সম্পর্ক থেকে বিচ্ছিন্ন করে ফেলছে। আধুনিক সভ্যতার সব থেকে বড় অভিশাপ এই বিচ্ছিন্নতাবোধ। পাশ্চাত্য ভূখণ্ডের একাংশে আজকের যুবসমাজের মধ্যে যে হতাশা, অবসাদ, নেশার প্রতি আকর্ষণ বেড়ে চলেছে তার একটা কারণ যন্ত্র সভ্যতার কারণে গড়ে ওঠা 'বড় বড় নগরীর বুকভরা ব্যথা'। শেষ পর্যন্ত হিসাবনিকাশ করলে বোধ হয় দেখা যাবে—যন্ত্র দিয়েছে যত, নিয়েছ তার বেশি।

(ক) উন্নত দেশগুলি সুখ-স্বাচ্ছন্দ্যের জন্য কিসের উপর নির্ভরশীল? ২

(খ) জনসংখ্যার অভাব কিভাবে পূরণ করা হচ্ছে? ২

(গ) আধুনিক সভ্যতার বড় অভিশাপ কি? ২

(ঘ) আজকের যুবসমাজের কেন এত হতাশা? ২

১১। ভাব-সম্প্রসারণ কর : ৭

(ক) ‘‘উত্তম নিশ্চিন্তে চলে অধমের সাথে,
তিনিই মধ্যম যিনি চলেন তফাতে।’’

*অথবা*

(খ) ‘‘আগা বলে, ‘আমি বড়, তুমি ছোট লোক’।
গোড়া হেসে বলে, ‘তাই ভালো, তাই হোক।
তুমি উচ্চে আছ বলে গর্বে আছ ভোর,
তোমারে করেছি উচ্চ এই গর্ব মোর’।’’

১২। যে-কোন **একটি** বিষয় সম্পর্কে অনুচ্ছেদ রচনা কর (২৫০ শব্দের মধ্যে) : ১০


(ক) তোমার জাতীয় উৎসব

(খ) মোবাইল ফোনের উপকারিতা ও অপকারিতা

(গ) পরিচ্ছন্নতা

*অথবা*

সংলগ্ন ছবিটি দেখে ছবিটির বিস্তৃত বিবরণ দাও :



*অথবা*

নিম্নলিখিত সংকেতগুলি প্রত্যেকটি অবলম্বন করে একটি গল্প রচনা কর (কেবলমাত্র দৃষ্টিহীন ছাত্র-ছাত্রীদের জন্য) :

গরীব তাঁতী বনে কাঠ কাটতে গেছে—আমগাছে কুঠারের আঘাত—ব্রহ্মদৈত্যের আবির্ভাব—তাঁতীকে বর দিতে চাইল—পরামর্শের জন্য বাড়ী এল—পথে বন্ধুর পরামর্শ—রাজা হবার বর চাও—স্ত্রীর পরামর্শ—আর একটা মাথা ও একজোড়া হাত—তাঁত চালাতে সুবিধা হবে—ব্রহ্মদৈত্য বর দিল—তাঁতী গাঁয়ে ফিরল ; রাক্ষস মনে করে গাঁয়ের লোকেরা মেরে ফেলল ।

★★★